

বামুটিয়ার বিধায়ককে
সম্বর্ধনা দিল ইকফাই

কামালঘাট, ২০ মার্চ :

বামুটিয়া কেন্দ্রের নবনির্বাচিত বিধায়ক কৃষ্ণধন দাসকে চম্পাপন করলো রাজ্যের প্রখ্যাত উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। মঙ্গলবার হলভর্তি পড়ুয়া এবং শিক্ষক-অশিক্ষক কর্মীদের হর্ষোল্লাসে স্থানীয় বিধায়ককে পুষ্পস্তবক দিয়ে এবং উত্তরীয় পরিয়ে অভিনন্দন জানান বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার। সম্বর্ধনায় আপুত বিধায়ক কৃষ্ণধন দাস সংক্ষিপ্ত ভাষণে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শ্রীবৃদ্ধিতে সম্ভাব্য সবধরণের সহায়তার আশ্বাস দেন। বিধায়ক বলেন, বামুটিয়ার জনগণ উনাকে নির্বাচনে জিতিয়ে যে গুরুদায়িত্ব অর্পন করেছে তা অক্ষরে অক্ষরে পালনের চেষ্টা করে যাবেন।

এদিন বিশ্ববিদ্যালয়ের তরফে ‘স্বাস্থ্য পরিষেবায় অর্থলগ্নীর উদ্ভাবনী চিন্তাধারা’ শীর্ষক এক জাতীয় কর্মশালার আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক কৃষ্ণধন দাস। বিশেষ অতিথি ও সন্মানিত অতিথিরূপে উপস্থিত ছিলেন ভারত সরকারের এমএসএমই দপ্তরের রাজ্যস্থিত নির্দেশক আর কে গিরি এবং লখনৌস্থিত সঞ্জয় গান্ধী স্মৃতি স্নাতকোত্তর হাসপাতালের প্রশাসনিক প্রধান ডঃ হেমচন্দ্র। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার।

স্বাগত ভাষণে অধ্যাপক হালদার জানান, গুণমানসম্পন্ন উচ্চশিক্ষা দানের পাশাপাশি ইকফাই বিশ্ববিদ্যালয় রাজ্যবাসীর কল্যাণে কাজ করে যাবে। তিনি বলেন, স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে কাজ করার প্রচুর সুযোগ রয়েছে। বিশেষত প্যারা মেডিক্যাল কোর্সে পড়াশুনার চাহিদা দিনদিন বাড়ছে। ইকফাই বিশ্ববিদ্যালয় ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকেই এমবিএ হেলথ কেয়ার ম্যানেজমেন্ট কোর্স চালু রয়েছে। আসন্ন শিক্ষাবর্ষ থেকে প্যারা মেডিক্যাল সায়েন্সের উপর চারটি কোর্স চালু করা হবে।

উদ্বোধনী অনুষ্ঠানশেষে শুরু হয় আলোচনাভিত্তিক উপস্থাপনা। সেখানে সার্বিক স্বাস্থ্যবীমা ও রাষ্ট্রীয় স্বাস্থ্যবীমা যোজনা সংক্রান্ত বিভিন্ন বিষয় উপস্থাপন করেন জিবি হাসপাতাল ও সরকারী মেডিক্যাল কলেজের বিশেষ দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ডঃ সমর্পিতা দত্ত। এদিকে, বিশ্ববিদ্যালয়ের তরফে আজ ই-মার্কেটিং পোর্টালের সাথে সংযোগ স্থাপন সংক্রান্ত আরেকটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় আমাজন ও এডিআইআই’র প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

প্রেস বিবৃতি